



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ১৩তম সভার
কার্যবিবরণী

১২ কার্তিক ১৪২৮; ২৮ অক্টোবর ২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন স্কুল, বিভাগ, শাখা, সেল, উইং এবং দপ্তরের এপিএ প্রতিনিধিগণের সাথে বাউবির এপিএ টিমের সদস্যদের একটি মতবিনিময় সভা ড. মহাঃ শফিকুল আলম রেজিস্ট্রার, বাউবি ও টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে বাউবির গাজীপুরস্থ সেমিনার হল (স্কুল অব এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভলপমেন্ট সংলগ্ন)-এ ২৮ অক্টোবর ২০২১ তারিখ দুপুর ১২.০০টায় অনুষ্ঠিত হয়। উক্ত সভার উপস্থিত সদস্যদের তালিকা (সংযুক্তি-১) সংযুক্ত করা হল।

মতবিনিময় সভার শুরুতে এপিএ টিমের সভাপতি ও রেজিস্ট্রার বাউবি সভার সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী মতবিনিময় সভার কার্যক্রম শুরু করার জন্য এপিএ টিমের ফোকাল পয়েন্ট এমএস নাজনীন আখতারকে অনুরোধ করেন এবং সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে ফোকাল পয়েন্ট সভার কার্যক্রম শুরু করেন।

সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। ২৭.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন, অগ্রগতি ও পরিকল্পনা শীর্ষক ওয়ার্কশপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং এই কর্মশালার মাধ্যমে এপিএর বিভিন্ন কাঠামো, নম্বর বস্টন, বাউবির লক্ষ্যমাত্রা এবং করণীয় বিষয় সম্পর্কে সকলে অবগত হন এবং ভবিষ্যতে সক্রিয় ও কার্যক্রম নির্ভর আরও কর্মশালার আয়োজন করার সুপারিশ করা হয়।
- ২। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর জুলাই-সেপ্টেম্বর ২০২১-এর ত্রৈমাসিক প্রতিবেদন সকলের সহযোগিতায় দাখিলের বিষয়ে করা সম্ভব হয়েছে মর্মে ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন। যথাসময়ে তথ্য প্রদানের জন্য সকল এপিএর প্রতিনিধিকে এপিএ টিমের পক্ষ হতে টিম লিডার এবং সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।
- ৩। ইউজিসির নির্দেশনা অনুযায়ী সঠিকভাবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর তথ্য সংগ্রহ এবং প্রক্রিয়াকরণের বিষয়ে প্রতিটি স্কুল, বিভাগ, সেন্টার, কেন্দ্র এবং সেলসমূহের জন্য উপযোগী ফরম্যাট নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এবিষয়ে বিভিন্ন প্রতিনিধিদের মতামত বিবেচনায় নিয়ে বর্তমান ফরম্যাটটি আরো উপযোগী করার বিষয়ে সকলে মতামত প্রদান করেন।
- ৪। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর পরবর্তী কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

সভায় আর কোন আলোচ্য না থাকায় এপিএ টিমের টিম লিডার এবং সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Najnin Akhter
26/10/2021

নাজনীন আখতার
যুগ্ম পরিচালক (কাউন্সিল)

ও

ফোকাল পয়েন্ট, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Dr. Mahabubul Alam
28/10/2021

ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার

এবং

টিম লিডার, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।